

চট্টগ্রামে ৪ বছরের মধ্যে এইচএসসিতে পাসের হার সর্বনিম্ন

* রাজশাহীতে এবারও কমেছে পাসের হার * যশোর বোর্ডে ফল বিপর্যয়

কালের কর্তৃ ডেক্স

২৭ নভেম্বর, ২০২৩

১১:১২

শেয়ার

অ +

অ -



জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীদের উচ্চাস। গতকাল চট্টগ্রাম নগরীর হাজী মুহাম্মদ মহসিন কলেজে। ছবি : কালের কর্তৃ

২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় চট্টগ্রাম বোর্ডে পাসের হার ও জিপিএ ৫ গত চার বছরের মধ্যে সর্বনিম্ন। এদিকে রাজশাহীতে এবারও কমেছে পাসের হার। অন্যদিকে যশোর বোর্ডে হয়েছে ফল বিপর্যয়। গতকাল রবিবার এই ফল প্রকাশিত হয়।

নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো খবর :

চট্টগ্রাম : উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পাসের হার গত চার বছরের মধ্যে সর্বনিম্ন। এবার বোর্ডে পাসের হার ৭৪.৪৫ শতাংশ। ২০২২ সালে পাসের হার ছিল ৮০.৫০ শতাংশ, ২০২১ সালে ৮৯.৩৯ শতাংশ এবং ২০২০ সালে ছিল শতভাগ। পাসের হারের সঙ্গে কমেছে জিপিএ ৫।

এবার জিপিএ ৫ পেয়েছে ছয় হাজার ৩৩৯ জন। ২০২২ সালে ১২ হাজার ৬৭০ জন, ২০২১ সালে ১৩ হাজার ৭২০ জন এবং ২০২০ সালে ১২ হাজার ১৪৩ জন জিপিএ ৫ পেয়েছিল।

গতকাল প্রকাশিত ফলাফল থেকে এসব তথ্য জানা গেছে। ফলাফল ঘোষণা করেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এ এম এম মুজিবুর রহমান।

এ সময় সচিব অধ্যাপক নারায়ন চন্দ্র নাথ, কলেজ পরিদর্শক অধ্যাপক জাহেদুল হক, বিদ্যালয় পরিদর্শক বিপ্লব গাঙ্গুলী প্রমুখ উপস্থিতি ছিলেন।

পাসের হার ও জিপিএ ৫ কমার বিষয়ে বোর্ডের সচিব বলেন, ‘সামগ্রিক ফল বিশ্লেষণ করলে প্রতীয়মান হয়, এবার ফল খারাপ হয়নি। করোনা মহামারির পর এবার পুনর্বিন্যাস করা পাঠ্যসূচি অনুযায়ী এক বিষয় ছাড়া অন্য সব বিষয়ে পূর্ণ নম্বর ও পূর্ণ সময় পরীক্ষা গ্রহণ করা হয়েছে। করোনার আগে ২০১৯ সালে পাসের হার ছিল ৬২.১৯ শতাংশ। তার চেয়ে এবার অনেক ভালো হয়েছে।

,

রাজশাহী : বোর্ডে এবার পাসের হার ৭৮.৪৬ শতাংশ। ২০২০ সালে শতভাগ শিক্ষার্থীর অটো পাসের পর এটি সর্বনিম্ন পাসের হার। গত বছর ৮১.৬০ ও ২০২১ সালে ৯৭.২৯ শতাংশ পরীক্ষার্থী পাস করেছিল। এবার সেখানে ৩.১৪ শতাংশ কমেছে। এদিকে দেশসেরা রাজশাহী কলেজে এবার কমেছে জিপিএ ৫ প্রাপ্ত। এই কলেজে সাধারণত গোল্ডেন জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীরা ভর্তি হওয়ার সুযোগ পায়। এসএসসিতে গোল্ডেন জিপিএ ৫ নিয়ে ভর্তি হয়ে এইচএসসিতে ৩৬ জন জিপিএ ৫ পেয়েছে। আর একজন পেয়েছে এ মাইনাস।

গতকাল রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আরিফুল ইসলাম জানান, এবার মোট পরীক্ষার্থী ছিল এক লাখ ৪০ হাজার ১১৫ জন। এর মধ্যে এক লাখ আট হাজার ৫৮০ জন পাস করেছে।

ঘোর : এ বছর ঘোর বোর্ডে পাসের হার ৬৯.৮৮ শতাংশ। গত বছরের তুলনায় এবার যেমন পাসের হার কমেছে, তেমনি কমেছে জিপিএ ৫। গতকাল ঘোর প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ তথ্য দেন পরীক্ষা নিয়ন্ত্রক বিশাস শাহিন আহমেদ।

এবার বোর্ডের অধীনে ১০ জেলা থেকে এক লাখ ৯ হাজার ৬৩৪ জন পরীক্ষায় অংশ নেয়। যার মধ্যে ছেলের সংখ্যা ৫৪ হাজার ৮৭৬ এবং মেয়ে ছিল ৫৪ হাজার ৭৫৮। ছেলেরা পাস করেছে ৩৫ হাজার ৮৮৫ এবং মেয়েদের পাসের সংখ্যা ৪০ হাজার ৭৩১। পাসের হার বিশ্লেষণে দেখা যায়, মেয়েরা পাস করেছে ৭৪.৩৮ শতাংশ এবং ছেলেরা ৬৫.৩৯ শতাংশ।

ফল খারাপ হওয়ার বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, এবার শিক্ষার্থীরা ইংরেজি ও উচ্চতর গণিতে বেশ খারাপ করেছে। ইংরেজিতে ৭৭ শতাংশ এবং উচ্চতর গণিতে পাসের হার ৮৩ শতাংশ। অন্য বিষয়গুলোতে ৯০ শতাংশের ওপরে। এই দুটি বিষয়ের ফল গোটা ফলাফলের ওপর প্রভাব পড়েছে।